

U.G. 4th Semester Examination - 2022

BENGALI
[HONOURS]

Course Code : BBNGCCHT403

Course Title : বাংলা উপন্যাস ও ছোট গল্প

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘন্টা

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।

- ১। নিম্নলিখিত যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $1 \times 10 = 10$
- ক) 'রাজসিংহ' উপন্যাসের পঞ্চম খণ্ডের শিরোনামটি লেখো।
- খ) 'রাজসিংহ' উপন্যাসের তৃতীয় খণ্ডের অষ্টম অধ্যায়ে উল্লেখিত মেহেরজান-এর আসল পরিচয় দাও।
- গ) 'আমায় ক্ষমা কর! আমি ঐশ্বর্যের গৌরবে পাগল হইয়াছিলাম।' — 'রাজসিংহ' উপন্যাসে এই উক্তি কে কাকে করেছিল?
- ঘ) 'রূপনগরের ও রাজা ছিল' — রূপনগর কোথায় অবস্থিত? তার রাজার নাম লেখো।
- ঙ) 'চার অধ্যায়' প্রথম সংস্করণ প্রকাশের সময় রবীন্দ্রনাথ কী নামে এর ভূমিকার অবতারণা করেছিলেন?
- চ) কানাই গুপ্ত কী কাজ করতেন?

[পরের পাতায়]

- ছ) 'চার অধ্যায়' উপন্যাসে দ্বিতীয় অধ্যায়ে অতীন এলা কে যে কবিতাটি শুনিয়েছিল সেটি কার রচনা?
- জ) "Son of a Dom- অ্যা - He is a poet!" — উক্তিটি কে, কার সম্পর্কে বলেছিল?
- ঝ) নিতাই কবিরাজ কোথায় পড়াশুনা করেছিল?
- ঞ) বসনের মৃত্যু কোন্ জায়গায় হলো?
- ট) বুঝুর দলের সঙ্গে নিতাই প্রথম কোন্ মেলায় গান গেয়েছিল?
- ঠ) 'আদাব' গল্পে নৌকার মাঝির বাড়ি কোথায় ছিল?
- ড) 'একদিন উপস্থিত হল চরকান্দায় এলেম সেখের বাড়ি' — এলেম সেখ কে ছিল?
- ঢ) কাঙালীর মা কীভাবে স্বর্গে যেতে চেয়েছিল?
- ণ) লক্ষকর্ণের শিং কে বাঁধিয়ে দিয়েছিল?
- ২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 5 = 10$
- ক) 'আপনি আমায় পরিত্যাগ করলে আমি রাজসমন্দরে ডুবিয়া মরিব' — কে কাকে এ কথা বলেছে? 'রাজসমন্দর' বলতে কী বোঝানো হয়েছে?
- খ) 'চার অধ্যায়' উপন্যাসে ইন্দ্রনাথ এলা কে কোন্ কাজে নিযুক্ত করেছিল? ইন্দ্রনাথ কে?
- গ) 'এ গান তুমি কেনে লিখলে কবিরাজ?' — বসন কোন্ গানের কথা বলেছিল? গানটির চরণগুলি লেখো।
- ঘ) পাঁচার জন্য ভিখু কাকে খুন করেছিল?
- ঙ) 'কেবল গাছ বাওয়াই সার হইছে তার।' — বক্তা কার

485/Beng.

[2]

কাছে কেন এই কথা বলেছে?

- চ) 'আদাব' গল্পে সর্বপ্রথম মাঝি'র ধর্ম পরিচয় কীভাবে জানা গেল?
- ছ) 'রাজাবাহাদুর সোৎসাহে বল্লেন - ফতে!' — রাজাবাহাদুর কখন ও কেন একথা বলেছিলেন?
- জ) 'মহানগর' গল্পে রতনের বাবার নাম লেখো। রতন দিদিিকে খুঁজতে কোথায় গিয়েছিল?

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

- ক) 'রাজসিংহ' উপন্যাসে জেবউন্নিহার শাহজাদী থেকে প্রেমিকা নারীতে রূপান্তরের স্বরূপটি আলোচনা করো।
- খ) 'টোপ' গল্পে সামন্ততান্ত্রিক মনোবৃত্তির যে নগ্ন চিত্র রয়েছে তা বিবৃত করো।
- গ) 'আদাব' গল্পে তৎকালীন প্রেক্ষাপটে সাম্প্রদায়িক সম্প্রীতির যে চিত্র লেখক তুলে ধরেছেন তা আলোচনা করো।

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ১ = ১০$

- ক) নিতাই কবিয়াল চরিত্রটি বিশ্লেষণ করো।
- খ) 'চার অধ্যায়' উপন্যাসে অতীন এলার প্রেম কাহিনি মুখ্য, বিপ্লবের ভূমিকা গৌণ— আলোচনা করো।
- গ) 'চতুর্থ পানিপথের যুদ্ধ'— গল্পটির নামকরণের সার্থকতা আলোচনা করো।